



ইষ্টার্ন কেবলস্ লিমিটেড


রেজিস্টার্ড অফিসঃ উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম

৩৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা ইষ্টার্ন কেবলস্ লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোম্পানির ৩৪তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ২০-০২-২০২১খ্রিঃ মোতাবেক ৭ ফাল্গুন ১৪২৭ বাংলা রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় চট্টগ্রামের পতেঙ্গাস্থ কোম্পানির কারখানা প্রাঙ্গনে/ ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবেঃ

- ১। ০৮ ফেব্রুয়ারী, ২০২০ তারিখে বেলা ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত কোম্পানির ৩৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
- ২। ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত আর্থিক অবস্থার বিবরণী, লাভ/ক্ষতি ও অন্যান্য সম্মিলিত আয়ের বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালকমণ্ডলীর বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৩। পর্যায়ক্রমে অবসরগ্রহণকারী পরিচালকের স্থলে নতুন পরিচালক মনোনয়ন/নির্বাচন।
- ৪। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সর্বশেষ সার্কুলার অনুযায়ী কোম্পানির ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও ফি নির্ধারণ।
- ৫। কোম্পানির ২০২০-২০২১ অর্থবছরের Reporting and Compliance এর বিষয়ে Corporate Governance Code নিরীক্ষার জন্য নিরীক্ষক নিয়োগ ও ফি নির্ধারণ।
- ৬। স্বতন্ত্র পরিচালক নিয়োগের অনুমোদন।
- ৭। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে অন্যান্য যে কোন বিষয়াদি সম্পাদন।

বোর্ডের আদেশক্রমে,


(মো: এমদাদুল হক)
কোম্পানি সচিব।

তারিখঃ ১৫ ডিসেম্বর, ২০২০খ্রিঃ।

দৃষ্টব্যঃ

- ১। কোম্পানির ৩৪তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০-১২-২০২০ খ্রিঃ তারিখ রেকর্ড ডেইট (Record date) হিসেবে নির্ধারণ করা হয়েছে।
- ২। কোম্পানির ৩৪তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে Record date এ শেয়ারহোল্ডার বই/ডিপোজিটরী রেজিস্টারে যে সব সম্মানিত শেয়ারহোল্ডারগণের নাম ও শেয়ার থাকবে শুধুমাত্র তারাই শেয়ারহোল্ডার হিসেবে ৩৪তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন।
- ৩। সাধারণ সভায় অংশ গ্রহণ ও ভোট প্রদানের উপযুক্ত সদস্য তার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। এই ধরনের প্রক্সিদাতাকে অবশ্যই কোম্পানির একজন শেয়ারহোল্ডার হতে হবে। কোম্পানি/করপোরেশন তাদের নিয়োগকৃত প্রতিনিধির মাধ্যমে সভায় অংশ গ্রহণ ও ভোট প্রদান করতে পারবেন। ২০(বিশ) টাকা মূল্যে রেভিনিউ স্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম বার্ষিক সাধারণ সভার নির্ধারিত সময়ের অন্তত ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে অর্থাৎ ১৮-০২-২০২১ সকাল ১১.০০ ঘটিকার পূর্বে অবশ্যই কোম্পানির ঢাকাস্থ শেয়ার অফিসে জমা দিতে হবে।
- ৪। গ্রুপ 'বি' শেয়ারহোল্ডারদের মধ্য হতে পরিচালক নির্বাচিত হতে ইচ্ছুক প্রার্থীগণকে কোম্পানির শেয়ার অফিসে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে অর্থাৎ ১৩-০২-২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার পূর্বে নির্ধারিত ফরমে মনোনয়ন পত্র দাখিল করতে হবে। মনোনয়ন পত্র কোম্পানির শেয়ার অফিস, বিএসইসি ভবন (৫ম তলা), ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫ এ পাওয়া যাবে।

Bangladesh Securities and Exchange Commission's Circular No. SEC/CMRCD/2009-193/154, dated October 24, 2013
অনুযায়ী আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার/উপহার কুপন/খাবার/যাতায়াত ভাড়া প্রদানের ব্যবস্থা থাকবে না।